

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১১, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

সংস্থাপন-৫ শাখা

তারিখ, ২৬শে জ্যৈষ্ঠ ১৪০৩/৯ই জুন ১৯৯৬

এস, আর, ও নং ৮৯-আইন/৯৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, জাতীয় সমগ্রতার কর্তৃপক্ষের রেডিও উইং এর নন-ক্যাডার অফিসার ও কর্মচারীদের নিয়োগ বিধি, ১৯৮৫-তে নিম্নরূপ সংশোধন করিল:—

উপরি-উক্ত বিধিমালার, তফসিলের—(ক) ক্রমিক নং ৩৮ এবং তৎসংক্রান্ত এন্ট্রিগুলির পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৩ এন্ট্রিগুলি প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৩৮। রেডিও টেকনি- শিয়ান।	অনুর্ধ্ব ৩০ বৎসর	(ক) ২০% ইকুইপমেন্ট এটেনডেন্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	পদোন্নতির জন্য: (ক) ফিডার পদে ৭ (সাত) বৎসর চাকরী।
		(খ) ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	সরাসরি নিয়োগের জন্য: (খ) কোন শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান গ্রুপে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা সম- মানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং তৎসহ রেডিও ইলেক- ট্রনিক্স/যান্ত্রিক তড়িৎ/শীতাতপ বিষয়ে সরকার অনুমোদিত কোন ইনস্টিটিউট হইতে ৬(ছয়) মাসের ফ্রেড কোর্স সম্পন্নের সার্টিফি- কেট”।

(খ) ক্রমিক নং ৫০ এবং তৎসংক্রান্ত এন্ট্রিগুলির পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ও এন্ট্রিগুলি প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৫০। ইকুইপমেন্ট এটেনডেন্ট।	অনুর্ধ্ব ৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান গ্রুপে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং রেডিও ইলেকট্রনিক্স/তড়িৎ/এয়ারকন্ডি- শন/রেফ্রিজারেশন/ওয়েলডিং বিষয়ে কোন অনুমোদিত ইনস্টিটিউট হইতে ট্রেড কোর্স সম্পন্নের সার্টিফিকেট”।
-------------------------------	----------------------	-----------------------------	--

(গ) ক্রমিক নং ৫৬ এর পর নিম্নরূপ ক্রমিক এবং তৎসংক্রান্ত এন্ট্রিগুলি সংযো-
জিত হইবে, যথা :—

“৫৭। রিগার	অনুর্ধ্ব ৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান গ্রুপে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায়/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং তৎসহ ট্রান্সমিটার এরিয়াল কাজে ও মাঠে উঠানামার ১(এক) বৎসরের বাস্তব অভি- জ্ঞতা এবং রেডিও ইলেকট্রনিক্স/তড়িৎ ও ওয়েলডিং কাজে সরকার অনুমোদিত কোন ইনস্টিটিউট হইতে কমপক্ষে ৬(ছয়) মাসের ট্রেড কোর্স সম্পন্নের সার্টিফিকেট”।
------------	----------------------	-----------------------------	--

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ আমীর-উল-মূলুক

সচিব।